**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬২৯/২০১৮-৫০৮

তারিখ: আগষ্ট ২৩, ২০২০

‘বাংলাদেশ সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড’
পরিচালক, ‘সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড’
টিসিবি ভবন (দ্বিতীয় তলা), সিইপিজেড পুলিশ স্টেশন এর বিপরীতে
বন্দরটিলা, ইপিজেড, চট্টগ্রাম।

বিষয়: কমিশনের আদেশের কপি।

কমিশনের আগষ্ট ২৩, ২০২০ তারিখের আদেশ নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬২৯/২০১৮-৫০৭ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ’ল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

২৩/০৮/২০২০

মো: রফিকুন্নবী
সহকারী পরিচালক

অবগতির জন্য অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, এসআরএমআইসি, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
৪। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬২৯/২০১৮-৮০৭ তারিখ: সেপ্টেম্বর ২৬, ২০২০

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক C & A Textiles Limited 'issuer' হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 34 এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 প্রণয়ন করা হয়, যার Regulation 35 এর বর্ণনা নিম্নরূপ-

*"(1) The issuer of listed equity securities shall submit the statement of shareholding position (shareholding of Sponsor/Director and shareholders who hold 10% or more) in the prescribed format (Annexure-3 under Schedule-B) of previous month within tenth day of each month of English Calendar to the Exchange and to the Commission.*
*(2) The issuer of listed securities shall submit the statement of shareholding/unit holding position and free-float reporting showing the shareholding/unit holding position of, among others, each sponsor/director, foreigner, institution and shareholder who hold 5% or more in the prescribed format [Annexure-4 (shareholding/unit holding) under Schedule-B and Annexure-5 (Free-float) under Schedule-B] within seventh day of each month of English Calendar to the Exchange."*

যেহেতু, বাংলাদেশের পুঁজিবাজারে নিবন্ধিত কোম্পানি হিসেবে Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 35 এর বিধান মোতাবেক মাসিক ভিত্তিতে কোম্পানির শেয়ার হোল্ডিং সংক্রান্ত তথ্য ও ফ্রি-ফ্লোট সংক্রান্ত তথ্য 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' অর্থাৎ ইস্যুয়ার কর্তৃক জমাদানের বাধ্যবাধকতা রয়েছে;

যেহেতু, বিগত আগষ্ট, ২০১৭ইং হতে আগষ্ট, ২০১৮ইং সময় পর্যন্ত তথা অদ্যাবধি মাসিক ভিত্তিতে কোম্পানির শেয়ার হোল্ডিং সংক্রান্ত তথ্য ও ফ্রি-ফ্লোট সংক্রান্ত তথ্য ইস্যুয়ার কর্তৃক জমা দেয়া হয়নি;



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

যেহেতু, উপর্যুক্ত কর্মকান্ডের মাধ্যমে ইস্যুয়ার তথা এর ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গ Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 35 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের মার্চ ৩১, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬২৯/২০১৮-১৭৬ স্মারকমূলে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক, সকল পরিচালক ও কোম্পানি সচিব -কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তারা যথাসময়ে শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 25A এর বিধান মোতাবেক এই আইনের অধীনে কোন ব্যক্তির উপর আনীত অভিযোগ হতে নির্দোষ প্রমাণের দায়িত্ব উক্ত ব্যক্তির উপর বর্তায়;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর বিধান মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় নোটিশ ইস্যু করার পরও ইস্যুয়ার কোম্পানির ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গ উপর্যুক্ত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন এবং তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিজেদের নির্দোষ প্রমাণে ব্যর্থ হন;

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, ইস্যুয়ার এর ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গের এর বিরুদ্ধে Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 35 এর লঙ্ঘন সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী, যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক বিগত আগষ্ট, ২০১৭ইং সময় হতে আগষ্ট, ২০১৮ইং সময় পর্যন্ত তথা অদ্যাবধি মাসিক ভিত্তিতে কোম্পানির শেয়ার হোল্ডিং সংক্রান্ত তথ্য ও ফ্রি-ফ্লোট সংক্রান্ত তথ্য দাখিলে ব্যর্থতার কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানি একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী, তারা প্রত্যেকে আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 **এর** Section 22 **এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;**

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ পরিচালকগণের প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

(১) 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' এর পরিচালক 'বাংলাদেশ সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড'-কে ০১ (এক) কোটি টাকা জরিমানা করা হল, যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

23.08.2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। 'বাংলাদেশ সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড', পরিচালক, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড', টিসিবি ভবন (দ্বিতীয় তলা), সিইপিজেড পুলিশ স্টেশন এর বিপরীতে, বন্দরটিলা, ইপিজেড, চট্টগ্রাম।



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"